বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৬৯৩১
E-mail
dgmaccounts1@krishibank.org.bd

মুজিববর্ষ
মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২২-২৩/ ৬৬২

তারিখঃ ২৫-১০-২০২২খ্রিঃ

১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়
২। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
৬। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ Income Tax Ordinance, 1984 এর Section 2(46) তে প্রদত্ত "Person" এর সংজ্ঞা এবং Section 53F অনুসারে সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন বিষয়ক স্পষ্টীকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, করনীতি উইং এর স্মারক নং ০৮.০১.০০০০.০৩৩.২২.০০২.২০.১৯ (অংশ-১). ১৭৫ তারিখ-১৯ অক্টোবর, ২০২২খ্রিঃ এবং অত্র বিভাগের ০৭-০৭-২০২২ তারিখের পত্র নং ২৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত স্মারকে সকল ধরনের আমানতের সুদ/মুনাফার উপর অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে প্রতিস্থাপিত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩এফ ধারায় উৎসে আয়কর কর্তনের ক্ষেত্রে "Person" এবং "Company" এর সংজ্ঞা স্পষ্টীকরণ করা হয়েছে যা এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,
25.10.2022
(খান তামজিদ আহমেদ )
উপ মহাব্যবস্থাপক

নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২২-২৩/ ৬৬২

তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ

১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকাকে অনুরোধ করা হলো।
৪। নথি/মহানথি।

২৫.১০.22
( আরিফুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[করনীতি উইং]
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

নম্বর: ০৮.০১.০০০০.০৩৩.২২.০০২.২০.১৯(অংশ-১).১৭৫ তারিখ: ৩ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ / ১৯ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: Income-tax Ordinance, 1984 এর section 2(46) তে প্রদত্ত "person" এর সংজ্ঞা এবং section 53F অনুসারে সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন বিষয়ক স্পষ্টীকরণ।**

করদাতা সনাক্তকরণ সংখ্যা বা TIN গ্রহণ, রিটার্ন দাখিল, কর নির্ধারণ ও Income-tax Ordinance, 1984 এর বিভিন্ন বিধানাবলী পরিপালনের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 এর section 2(46) তে প্রদত্ত "person" এর সংজ্ঞার যথাযথ প্রয়োগের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়। এছাড়াও, অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে Income-tax Ordinance, 1984 এর section 53F প্রতিস্থাপনের মাধ্যম savings deposit, fixed deposits, etc. এর বিপরীতে কোন সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তনের নূতন বিধান প্রবর্তন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধান পরিপালনের ক্ষেত্রে কোন কোন সত্তা section 53F এ উল্লেখিত 'company' হিসেবে পরিগণিত হবে তা নিয়ে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে স্পষ্টীকরণের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হওয়ায় জাতীয় রাজস্ব বোর্ড section 185A অনুসারে নিম্নরূপ স্পষ্টীকরণ জারী করল:

২. Income-tax Ordinance, 1984 এর section 2(46) তে "person" বা "ব্যক্তি" এর নিম্নরূপ সংজ্ঞা প্রদান করা হয়েছে-

"person" includes an individual, a firm, an association of persons, a Hindu undivided family, a trust, a fund, a local authority, a company, an entity and every other artificial juridical person.

অর্থাৎ "ব্যক্তি" অর্থে অন্তর্ভুক্ত হবে-

ক। স্বাভাবিক ব্যক্তি;

খ। ফার্ম;

গ। ব্যক্তিসংঘ;

ঘ। হিন্দু অবিভক্ত পরিবার;

ঙ। ট্রাস্ট;

চ। ফান্ড বা তহবিল

ছ। স্থানীয় কর্তৃপক্ষ;

জ। কোম্পানি;

ঝ। কোন সত্তা; এবং

ঞ। অন্য যেকোন কৃত্রিম ব্যক্তিসত্তা।

৩। Section 2(46) তে প্রদত্ত "person" বা "ব্যক্তি"-কে অধিকতর সহজে চিহ্নিত করার স্বার্থে নিম্নরূপে উপস্থাপন করা হলো-

| ক্রঃ নং | "person" বা "ব্যক্তি"-এর ধরণ | বৈশিষ্ট্য এবং উদাহরণ |
|---|---|---|
| ১। | Individual বা স্বাভাবিক ব্যক্তি | সকল স্বাভাবিক ব্যক্তি বা natural person। যিনি artificial person বা কৃত্রিম ব্যক্তি নন। |
| ২। | Firm বা ফার্ম | ক। Income-tax Ordinance, 1984 এর section 2(32) অনুসারে "ফার্ম" বলতে The Partnership Act, 1932 (IX of 1932) তে সংজ্ঞায়িত অর্থে ফার্ম বুঝাবে। The Partnership Act, 1932 এর ধারা ৪ অনুসারে- "Partnership" is the relation between persons who have agreed to share the profits of a business carried on by all or any of them acting for all.<br><br>Persons who have entered into partnership with one another are called individually "partners" and collectively "a firm", and the name under which their business is carried on is called the "firm name"।<br><br>খ। অর্থাৎ, দুই বা ততোধিক ব্যক্তি- স্বাভাবিক বা কৃত্রিম যা-ই হোক না কেন, নিজেদের না নিজেদের কেউ একজন কর্তৃক পরিচালিত ব্যবসায়ের মুনাফা নিজেদের মধ্যে বন্টনের জন্য সম্মত হলে সে সম্পর্ককে যৌথ বা অংশীদারি কারবার বা "Partnership" বলে। "Partnership" এর জন্য এরূপে চুক্তিবদ্ধ ব্যক্তিগণ ব্যক্তিগতভাবে অংশীদার এবং সমষ্টিগতভাবে ফার্ম হিসেবে গণ্য হন।<br><br>গ। ফার্ম নিবন্ধিত বা অনিবন্ধিত হতে পারে।<br><br>ঘ। Income-tax Ordinance, 1984 এর section 2(20) তে প্রদত্ত "কোম্পানি" এর সংজ্ঞানুসারে ফার্মের কোন একজন অংশীদার যদি কোম্পানী আইন, ১৯১৩ (১৯১৩ সনের ৭ নং আইন) বা কোম্পানী আইন, ১৯৯৪ |

| | | | |
|---|---|---|---|
| | | | (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোন কোম্পানি হয় তবে উক্ত ফার্ম কোম্পানি মর্যাদাভুক্ত হবে এবং Income-tax Ordinance, 1984 এর সকল উদ্দেশ্যে কোম্পানি হিসেবে বিবেচিত হবে। |
| ৩। | An association of persons বা ব্যক্তিসংঘ | ক। | Income-tax Ordinance, 1984 এ "An association of persons" বা "ব্যক্তিসংঘ" এর কোন সংজ্ঞা প্রদান করা নেই। ব্যক্তিসংঘে একাধিক ব্যক্তি থাকবে এবং তা যেকোন প্রকারের- স্বাভাবিক বা কৃত্রিম, হতে পারে। তবে, যেহেতু Income-tax Ordinance, 1984 এ কতিপয় ব্যক্তিসংঘকে আলাদা "person" বা "ব্যক্তি" হিসেবে মর্যাদা প্রদান করা হয়েছে তাই তারা সরাসরি ব্যক্তিসংঘ হিসেবে গণ্য হবে না; যেমন- ফার্ম, কোম্পানি, ট্রাস্ট, ফান্ড, হিন্দু অবিভক্ত পরিবার, অন্য কোন কৃত্রিম ব্যক্তিসত্তা। |
| | | খ। | জয়েন্ট ভেঞ্চার, কনসোর্টিয়াম (প্রযোজ্যক্ষেত্রে), অনিবন্ধিত ক্লাব, অনিবন্ধিত সমিতি অথবা অনিবন্ধিত বা অন্যকোনভাবে আইনী সত্তা হিসেবে স্বীকৃতি নেই এমন যেকোন সংঘ যাদের উপর Income-tax Ordinance, 1984 এর প্রযোজ্যতা রয়েছে তারা ব্যক্তিসংঘ হিসেবে গণ্য হবে। |
| | | গ। | ব্যক্তিসংঘের সদস্যগণ "সদস্য" হিসেবে গণ্য হন। |
| | | ঘ। | জয়েন্ট ভেঞ্চার এবং প্রযোজ্যক্ষেত্রে কনসোর্টিয়ামসহ অন্যান্য ব্যক্তিসংঘ যাদের কোন সদস্য কোম্পানী আইন, ১৯১৩ (১৯১৩ সনের ৭ নং আইন) বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোন কোম্পানি হয় তবে উক্ত ব্যক্তিসংঘ কোম্পানি মর্যাদাভুক্ত হবে এবং Income-tax Ordinance, 1984 এর সকল উদ্দেশ্যে কোম্পানি হিসেবে বিবেচিত হবে। |
| ৪। | A Hindu undivided family বা হিন্দু অবিভক্ত পরিবার | ক। | Income-tax Ordinance, 1984 এ "A Hindu undivided family" বা "হিন্দু অবিভক্ত পরিবার" এর সংজ্ঞা প্রদান করা নেই। হিন্দু আইনের অধীনে একজন সাধারণ পূর্বপুরূষের (a common ancestor) অধঃস্তন বংশধর পুরূষ, অবিবাহিত কন্যা ও অধঃস্তন বংশধর পুরূষগণের স্ত্রী এবং সন্তান-সন্ততিদের সমন্বয়ে হিন্দু অবিভক্ত পরিবার গঠিত হয়। |
| | | খ। | হিন্দু অবিভক্ত পরিবার কোন চুক্তির অধীন সৃষ্টি হতে পারবে না। |

| | | | |
|---|---|---|---|
| | | গ। | অধঃস্তন বংশধর পুরূষগণ আবশ্যিকভাবে সমাংশী বা coparcenary হবেন। |
| | | ঘ। | হিন্দু অবিভক্ত পরিবারের বয়োজ্যেষ্ঠ পুরূষ যিনি একজন সমাংশী তিনি সাধারণতঃ কর্তা হিসেবে গণ্য। কর্তা হিন্দু অবিভক্ত পরিবারের আইনগত প্রতিনিধি হিসেবে বিবেচিত হন। |
| | | ঙ। | যতদিন পর্যন্ত সহ-উত্তরাধিকারীগণ বা coparceners অবিভক্ত থাকবেন ততদিন পর্যন্ত হিন্দু অবিভক্ত পরিবার একটি একক সত্তা হিসেবে পরিগণিত হবে। |
| ৫। | Trust বা ট্রাস্ট | ক। | Income-tax Ordinance, 1984 এ "Trust" এর সংজ্ঞা প্রদান করা নেই। "ট্রাস্ট" বলতে The Trust Act, 1882 এর অধীন গঠিত ট্রাস্ট বুঝাবে। The Trust Act, 1882 ধারা ৩ অনুসারে- |
| | | | অ। A **"trust"** is an ***obligation*** annexed to the ownership of property, and arising out of a confidence reposed in and accepted by the owner, or declared and accepted by him, for the benefit of another, or of another and the owner: |
| | | | আ। the person who reposes or declares the confidence is called the "author of the trust": |
| | | | ই। the person who accepts the confidence is called the "trustee": |
| | | | ঈ। the person for whose benefit the confidence is accepted is called the "beneficiary": |
| | | | উ। the subject-matter of the trust is called "trust-property" or "trust-money": |
| | | | ঊ। the "beneficial interest" or "interest" of the beneficiary is his right against the trustee as owner of the trust-property; and |

| | | |
|---|---|---|
| | | ঋ। the instrument, if any, by which the trust is declared is called the "instrument of trust"।<br><br>খ। আবার Specific Relief Act, 1877 এর ধারা ৩ অনুযায়ী-<br><br>অ। "obligation" includes every duty enforceable by law;<br><br>আ। "trust" includes every species of express, implied, or constructive fiduciary ownership;<br><br>ই। "trustee" includes every person holding, expressly, by implication, or constructively, a fiduciary character;<br><br>গ। The Trust Act, 1882 এর ধারা ৫ এবং The Registration Act, 1908 এর ধারা ১৭ অনুযায়ী স্থাবর সম্পত্তি সংক্রান্ত সকল ট্রাস্ট দলিল বা "instrument of trust" নিবন্ধিত বা registered হতে হবে। অস্থাবর সম্পত্তির ক্ষেত্রে সম্পত্তির মালিকানা ট্রাস্টির নিকট হস্তান্তর না হওয়া পর্যন্ত ট্রাস্ট গঠিত হবেনা।<br><br>ঘ। The Trust Act, 1882 এর অধীন সৃষ্ট "ট্রাস্ট" এর কেবলমাত্র ট্রাস্ট দলিল অনুযায়ী পরিচালিত হলে এবং অন্যকোন উদ্যেশ্যে বা ভিন্ন কোন সত্তার প্রয়োজনে সৃষ্ট না হলে তা Income-tax Ordinance, 1984 এর উদ্যেশ্যে ব্যক্তি হিসেবে গণ্য হবে। ভিন্ন কোন সত্তার সৃষ্টি বা আবির্ভাবের অনুষঙ্গ হিসেবে ট্রাস্ট গঠিত হলে কিংবা ট্রাস্ট গঠনের প্রয়োজনীয়তা থাকলে তা ট্রাস্ট হিসেবে পরিগণিত না হয়ে ভিন্ন কোন সত্তা হিসেবেই পরিগণিত হবে; যেমন-<br><br>অ। অনুমোদিত ভবিষ্য তহবিলের জন্য ট্রাস্ট গঠনের আইনানুগ প্রয়োজনীয়তা রয়েছে। এক্ষেত্রে, তহবিলের উদ্যেশ্যে ট্রাস্ট সৃষ্টি হলেও তা Income-tax Ordinance, 1984 এর উদ্যেশ্যে ফান্ড হিসেবে গণ্য হবে।<br><br>আ। প্রাইভেট বিশ্ববিদ্যালয় গঠনের জন্য ট্রাস্ট গঠনের আইনানুগ প্রয়োজনীয়তা রয়েছে। এক্ষেত্রে, প্রাইভেট বিশ্ববিদ্যালয় আইনের অধীন সৃষ্ট সত্তা হিসেবে Income-tax |



✓

| | | | |
|---|---|---|---|
| | | | Ordinance, 1984 এর উদ্যেশ্যে কোম্পানি হিসেবে গণ্য হবে। |
| ৬। | Fund বা তহবিল | ক। | Income-tax Ordinance, 1984 এ "Fund" বা "তহবিল" এর সংজ্ঞা প্রদান করা নেই। কোন আইন বা বিধি-বিধানের অধীন সৃষ্ট বা স্বীকৃত কোন ফান্ড বা তহবিল Income-tax Ordinance, 1984 এর উদ্যেশ্যে ব্যক্তি হিসেবে গণ্য হবে। |
| | | খ। | The Provident Funds Act, 1925; The Labor Act, 2006; The Trust Act, 1882; The Bangladesh Securities and Exchange Commission Act, 1993; Bangladesh Securities and Exchange and Commission (Mutual Fund) Rules-2001; Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015; The Bangladesh Securities and Exchange (Capital Market Stabilization Fund) Rules, 2021 ইত্যাদি আইন ও বিধিমালার অধীন সৃষ্ট বা স্বীকৃত ফান্ড বা তহবিল Income-tax Ordinance, 1984 এর উদ্যেশ্যে ব্যক্তি হিসেবে গণ্য হবে। |
| | | গ। | ফান্ড নিবন্ধিত বা অনিবন্ধিত হতে পারে। |
| ৭। | Local authority বা স্থানীয় কর্তৃপক্ষ | ক। | Income-tax Ordinance, 1984 এ "Local authority" বা "স্থানীয় কর্তৃপক্ষ" এর কোন সংজ্ঞা প্রদান করা নেই। The General Clauses Act, 1897 এর section 3(28) তে স্থানীয় কর্তৃপক্ষ -কে নিম্নরূপে সংজ্ঞায়িত করা হয়েছে-<br><br>""Local authority" shall mean and include a Paura Shava, Zilla Board, Union Panchayet, Board of Trustees of a port or other authority legally entitled to, or entrusted by the Government with, the control or management of a municipal or local fund, or any corporation or other body or authority constituted or established by the Government under any law." |
| | | খ। | উক্ত সংজ্ঞা হতে স্থানীয় কর্তৃপক্ষ বলতে নিম্নোক্ত সত্তাদের বুঝাবে- |

| | | | |
|---|---|---|---|
| | | | অ। পৌরসভা, জেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, সিটি কর্পোরেশন;<br>আ। বন্দরের ট্রাস্টি বোর্ড;<br>ই। পৌর বা স্থানীয় তহবিল নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনা করার জন্য আইনদ্বারা ক্ষমতাপ্রাপ্ত অথবা সরকার হতে ভারপ্রাপ্ত কোন সংস্থা;<br>ই। আইনের অধীনে সরকার কর্তৃক প্রতিষ্ঠিত কোন কর্পোরেশন, সংস্থা বা কর্তৃপক্ষ। |
| | | গ। | তবে, The General Clauses Act, 1897 এ প্রদত্ত "Local authority" এর সংজ্ঞার "...any corporation or other body or authority constituted or established by the Government under any law." এই অংশটুকু Income-tax Ordinance, 1984 এ প্রদত্ত "Company" এর সংজ্ঞায় অন্তর্ভুক্ত করা হয়েছে- "... a body corporate established or constituted by or under any law for the time being in force;"। ফলে, The General Clauses Act, 1897 এ সংজ্ঞায়িত নিম্নোক্ত "Local authority" সমূহ ব্যতীত অন্যান্য "Local authority" সমূহ Income-tax Ordinance, 1984 অনুযায়ী "Company" হিসেবে পরিগণিত হবে-<br>অ। পৌরসভা, জেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, সিটি কর্পোরেশন;<br>আ। বন্দরের ট্রাস্টি বোর্ড;<br>ই। পৌর বা স্থানীয় তহবিল নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনা করার জন্য আইন দ্বারা ক্ষমতাপ্রাপ্ত অথবা সরকার হতে ভারপ্রাপ্ত কোন সংস্থা। |
| ৮। | Company বা কোম্পানি | ক। | Income-tax Ordinance, 1984 এর section 2(20) তে "Company" এর নিম্নরূপ সংজ্ঞা প্রদান করা হয়েছে-<br>"Company" means a company as defined in the Companies Act, 1913 (VII of 1913) or কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) and includes- |

| | | |
|---|---|---|
| | | (a) a body corporate established or constituted by or under any law for the time being in force;<br>(b) any nationalised banking or other financial institution, insurance body and industrial or business enterprise;<br>(bb) an association or combination of persons, called by whatever name, if any of such persons is a company as defined in the Companies Act, 1913 (VII of 1913) or কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন);<br>(bbb) any association or body incorporated by or under the laws of a country outside Bangladesh; and<br>(c) any foreign association or body, not incorporated by or under any law, which the Board may, by general or special order, declare to be a company for the purposes of this Ordinance.<br>খ। উক্ত সংজ্ঞা হতে "কোম্পানি" অর্থ কোম্পানী আইন, ১৯১৩ (১৯১৩ সনের ৭ নং আইন) অথবা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোন কোম্পানি বুঝাবে।<br>গ। এছাড়াও কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত বা গঠিত কোন সংস্থাও Income-tax Ordinance, 1984 এর উদ্যেশ্যে কোম্পানি হিসেবে গণ্য হবে। সকল সরকারি বা আধাসরকারি প্রতিষ্ঠান, বোর্ড, কর্তপক্ষ, সমিতি, সমবায় সমিতি, শিক্ষা প্রতিষ্ঠান, ট্রেড বডি, এনজিও ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ এ বিধানের ফলে কোম্পানি হিসেবে গণ্য হবে। উদাহরণ হিসেবে নিম্নে কতিপয় প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হলো-<br>১। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, |

| | | | |
|---|---|---|---|
| | | | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড; এসএমই ফাউন্ডেশন; সরকারি কর্মচারী কল্যাণ বোর্ড;<br><br>২। ঢাকা ওয়াসা, চট্টগ্রাম ওয়াসা, খুলনা ওয়াসা, রাজশাহী ওয়াসা, ইপিবি, বেজা, বেপজা, বিইপিজেড, বিসিআইসি, সিইজিআইএস, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি কর্তৃপক্ষ;<br><br>৩। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, বাংলাদেশ টেলিকম রেগুলেটরি অথরিটি; বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটি প্রিন্টিং প্রেস, বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ;<br><br>৪। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন; বাপেক্স, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পাটকল কর্পোরেশন, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন; সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;<br><br>৫। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ সিভিল এভিয়েশন অথরিটি, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ;<br><br>৬। আইনের দ্বারা বা আইনের অধীন সৃষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান, যেমন- বিশ্ববিদ্যালয়, কলেজ বা স্কুল;<br><br>৭। সকল নিবন্ধিত সমিতি, সমবায় সমিতি, কোন আইনের অধীন গঠিত সমিতি, যেমন- পল্লী বিদ্যুৎ সমিতি, যেকোন আইনের অধীন নিবন্ধিত কোন সংঘ বা সংস্থা, যেমন- এনজিও (NGOs), ট্রেড বডি বা অরগানাইজেশন |

(Trade bodies or Trade Organizations) ইত্যাদি; এবং

৮। সকল রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান।

(গ) রাষ্ট্রায়ত্ত কোন ব্যাংকিং বা আর্থিক প্রতিষ্ঠান, বীমা প্রতিষ্ঠান ও শিল্প বা ব্যবসায় উদ্যোগ;

(ঘ) ব্যক্তিবর্গের কোন সংঘ বা সম্মিলন, যে নামেই অভিহিত হোক, যদি উক্তরূপ ব্যক্তিবর্গের কেউ কোম্পানী আইন, ১৯১৩ (১৯১৩ সনের ৭ নং আইন) বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোন কোম্পানি হয়। উদাহরণ:

কোন ফার্ম বা জয়েন্ট ভেঞ্চার বা কোন কনসোর্টিয়ামের (প্রযোজ্য ক্ষেত্রে) একজন সদস্য যদি কোম্পানী আইন, ১৯১৩ (১৯১৩ সনের ৭ নং আইন) বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোন কোম্পানি হয় তবে উক্ত জয়েন্ট ভেঞ্চার বা কনসোর্টিয়াম Income-tax Ordinance, 1984 এর উদ্যেশ্যে কোম্পানি হিসেবে গণ্য হবে।

(ঘ) বাংলাদেশের বাইরের কোন দেশের আইন দ্বারা বা আইনের অধীন নিবন্ধিত কোন সংঘ বা সংস্থা। যেমন-

অ। বিদেশী কোন কোম্পানি যেটি বাংলাদেশে কোম্পানী আইনের অধীন নিগমিত না হয়েও ব্যবসা পরিচালনা করছে এমন কোন কোম্পানি;

আ। বাংলদেশে রিপ্রেজেন্টেটিভ অফিস বা ব্রাঞ্চ অফিসের মাধ্যমে ব্যবসায় কার্যক্রম পরিচালনা করছে এমন কোম্পানি;

ই। বাংলাদেশে লিয়াজন অফিস পরিচালনা করছে এমন কোন কোম্পানি;

ঈ। বাংলাদেশে শিক্ষা বা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে এমন প্রতিষ্ঠান যা বাংলাদেশের বাইরের কোন দেশের কোন আইনের অধীন নিবন্ধিত কিন্তু বাংলাদেশের কোন আইনের অধীন নিবন্ধিত নয়;

উ। বাংলাদেশে স্থায়ী স্থাপনা (permanent establishment) আছে বা নেই এমন সকল

| | | |
|---|---|---|
| | | বিদেশী কোম্পানি বা প্রতিষ্ঠান বা সংস্থা যার বাংলাদেশে Income-tax Ordinance, 1984 এর বিধানাবলি পরিপালন করার বাধ্যবাধকতা রয়েছে এমন সকল কোম্পানি বা প্রতিষ্ঠান বা সংস্থা Income-tax Ordinance, 1984 এর উদ্যেশ্যে কোম্পানি হিসেবে গণ্য হবে। এবং<br>(ঙ) কোন আইনের দ্বারা বা আইনের অধীন নিগমিত নয়, এইরূপ কোন বিদেশি সংঘ বা সংস্থা যা বোর্ডের সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা কোম্পানি হিসাবে ঘোষিত হতে পারে। |
| ৯। | An entity বা কোন সত্তা | "সত্তা" বলতে বাংলাদেশের আইন বা আদালত কর্তক সত্তা হিসেবে স্বীকৃত যেকোন সত্তাকে বুঝাবে। তবে, যে সকল সত্তাকে এ ধারায় ভিন্নভাবে সংজ্ঞায়িত করা হয়েছে তা সেভাবেই মর্যাদা পাবে, যেমন- স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, কোম্পানি, ব্যক্তিসংঘ, হিন্দু অবিভক্ত পরিবার, ট্রাস্ট, ফান্ড, স্থানীয় কর্তৃপক্ষ। |
| ১০। | Every other artificial juridical person বা অন্য যেকোন কৃত্রিম ব্যক্তিসত্তা | Section 2(46) তে প্রদত্ত সংজ্ঞায় সংজ্ঞায়িত স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, কোম্পানি, ব্যক্তিসংঘ, হিন্দু অবিভক্ত পরিবার, ট্রাস্ট, ফান্ড, স্থানীয় কর্তৃপক্ষ বা সত্তা ব্যতীত অন্যকোনভাবে সৃষ্ট অন্যান্য কৃত্রিম ব্যক্তিসত্তা সৃষ্টি হলে তাও Income-tax Ordinance, 1984 এর উদ্যেশ্যে ব্যক্তি হিসেবে গণ্য হবে। |

৪। অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে Income-tax Ordinance, 1984 এর প্রতিস্থাপিত section 53F অনুসারে savings deposit, fixed deposits, etc. এর বিপরীতে কোন সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তনের ক্ষেত্রে নিম্নরূপ বিধান করা হয়েছে-

ক। Income-tax Ordinance, 1984 অথবা দেশে বলবৎ অন্যান্য আইনে যা কিছু থাকুক না কেন savings deposit, fixed deposits, etc. হতে উৎসে কর কর্তনের ক্ষেত্রে section 53F এর বিধান প্রাধান্য পাবে।

খ। কোন নিবাসী ব্যক্তিকে কোন ব্যাংক, কো-অপারেটিভ ব্যাংক, ইসলামী নীতি মোতাবেক পরিচালিত কোন ব্যাংক, নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান, কোন লিজিং কোম্পানি অথবা কোন হাউজিং ফাইন্যান্স কোম্পানি savings deposit, fixed deposits বা কোন term deposit এর বিপরীতে কোন সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

গ। সুদ বা মুনাফা পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সুদ বা মুনাফা কোন ব্যক্তির হিসাবে ক্রেডিটের সময় অথবা সুদ বা মুনাফা পরিশোধের সময়, যেটি পূর্বে ঘটে, নিম্নোক্ত হারে উৎসে কর কর্তন করে সরকারি কোষাগারে জমা করবেন-

| Sl. No. | Types of the payee | Rate |
|---|---|---|
| 1. | Where the payee is a company | 20% |
| 2. | Where the payee is a person other than a company | 10% |
| 3. | Where the payee is a public university, or an educational institution whose teachers are enlisted for Monthly Pay Order (MPO), following the curriculum approved by the Government and whose governing body is also formed as per Government rules or regulations, or any professional institute established under any law and run by professional body of Chartered Accountants, Cost and Management Accountants or Chartered Secretaries | 10% |
| 4. | Where the payee is recognized provident fund, approved gratuity fund, approved superannuation fund or pension fund | 5% |

ঘ। Income-tax Ordinance, 1984 এর section 2(46) তে "person" বা "ব্যক্তি" এর সংজ্ঞা এবং section 53F অনুসারে "ব্যক্তি" কর্তৃক অর্জিত সুদ বা মুনাফার বিপরীতে নিম্নোক্তভাবে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে-

অ। section 53F এর টেবিলের SL. No. 1 এ উল্লেখিত কোম্পানি বলতে Income-tax Ordinance, 1984 এর section 2(20) তে সংজ্ঞায়িত কোম্পানি অর্থাৎ এই স্পষ্টীকরণের অনুচ্ছেদ ৩ এ প্রদত্ত টেবিল এর ক্রঃ নং ৮ এ উল্লেখিত সকল কোম্পানি বুঝাবে। অর্থাৎ এ সকল কোম্পানির অর্জিত সুদ বা মুনাফার বিপরীতে ২০% উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। তবে, Income-tax Ordinance, 1984 অনুসারে কোম্পানি হওয়া সত্ত্বেও section 53F এর টেবিলের SL. No. 3 এ উল্লেখিত পাবলিক বিশ্ববিদ্যালয়, Monthly Pay Order বা এমপিওভুক্ত বিদ্যালয়, any professional institute established under any law and run by professional body of Chartered Accountants, Cost and Management Accountants or Chartered Secretaries কর্তৃক অর্জিত সুদ বা মুনাফার বিপরীতে ১০% উৎসে কর কর্তন প্রযোজ্য হবে;

আ। section 53F এর টেবিলের SL. No. 4 এ উল্লেখিত ফান্ড কর্তৃক অর্জিত সুদ বা মুনাফার বিপরীতে ৫% উৎসে কর কর্তন প্রযোজ্য হবে এবং section 53F এর টেবিলের SL. No. 4 এ উল্লেখিত ফান্ড ব্যতীত অন্যান্য ফান্ড কর্তৃক অর্জিত সুদ বা মুনাফার বিপরীতে ১০% উৎসে কর কর্তন প্রযোজ্য হবে;

ই। এই উপানুচ্ছেদের উপ-উপানুচ্ছেদ 'অ।' বা 'আ।'তে বর্ণিত ক্ষেত্রসমূহ ব্যতীত অন্যান্য সকল প্রকারের "ব্যক্তি" কর্তৃক অর্জিত সুদ বা মুনাফার বিপরীতে ১০% উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

ঙ। সুদ বা মুনাফার প্রাপক PSR (Proof of submission of retrun) দাখিলে ব্যর্থ হলে ৫০% বেশি উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

চ। নাবালকের ক্ষেত্রে নাবালকের মাতাপিতার PSR নাবালকের PSR হিসেবে গণ্য হবে।

ছ। সরকারের স্পনসর রয়েছে এমন অথবা সরকারের পূর্বানুমোদনক্রমে কোন ব্যাংক কর্তৃক চালুকৃত Deposit Pension Scheme এর সুদ বা মুনাফা হতে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। এখানে উল্লেখ্যে এটি অবশ্যই Pension Scheme হতে হবে।

জ। জাতীয় রাজস্ব বোর্ড সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা কোন ব্যক্তিকে বা ব্যক্তি শ্রেণিকে section 53F এর অধীনে উৎসে কর কর্তন হতে অব্যাহতি দিতে পারবে।

স্বাক্ষরিত/১৯.১০.২০২২

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর-১১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড

নম্বর: ০৮.০১.০০০০.০৩৩.২২.০০২.২০.১৯(অংশ-১).১৭৫ তারিখ: ৩ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ / ১৯ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

**সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক [বাংলাদেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে সদয় বিতরণের নিমিত্ত]
২। সকল সদস্য, আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
৩। প্রেসিডেন্ট, ট্যাক্সেস আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা [সকল অধীনস্ত দপ্তরে বিতরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ অনুষ্ঠানের জন্য]
৪। কর কমিশনার, কর আপিল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী [সকল অধীনস্ত দপ্তরে বিতরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ অনুষ্ঠানের জন্য]
৫। মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর [সকল অধীনস্ত দপ্তরে বিতরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ অনুষ্ঠানের জন্য]
৬। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫ ঢাকা, বৃহৎ করদাতা ইউনিট [সকল অধীনস্ত দপ্তরে বিতরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ অনুষ্ঠানের জন্য]
৭। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম [সকল অধীনস্ত দপ্তরে বিতরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ অনুষ্ঠানের জন্য]
৮। কর কমিশনার, কর অঞ্চল-কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/সিলেট/বরিশাল/খুলনা/ রাজশাহী/বগুড়া/ রংপুর/কেন্দ্রীয় জরিপ অঞ্চল [সকল অধীনস্ত দপ্তরে বিতরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ অনুষ্ঠানের জন্য]
৯। সকল প্রথম সচিব, আয়কর উইং, জাতীয় রাজস্ব বোর্ড
১০। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]

১১। সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড [জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পরিপত্র মডিউলে সদয় আপলোড করার নিমিত্ত]

১২। দ্বিতীয় সচিবগণ, আয়কর উইং, জাতীয় রাজস্ব বোর্ড

১৩। পিএ টু সদস্য (করনীতি) [সদস্য মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে]

১৯/১০/2022

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর-১১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড